

দৈনিক সংবাদ

তারিখ ... 23 JUL-1995 ...  
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫



৫৭

**ইসলামী বিশ্ববিদ্যালয়**  
**ভর্তির সুযোগ**  
**ছিল, কিন্তু—**

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২২শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্নাতক-সম্মান শ্রেণীর ১৯৯৪-৯৫ সেশনে প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাওয়ার পরও ৩৫৫৫ ভাগ ছাত্রছাত্রী ভর্তি হয়নি। বিশ্ববিদ্যালয়ের শরীয়া ও সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে মোট ৭৪০ জন ছাত্রছাত্রীকে ভর্তি পরীক্ষায় সুযোগ দিলে সেখানে মেধা তালিকা থেকে ১৫ই জুলাই ৯৫ইং পর্যন্ত ভর্তি হয়েছে মাত্র ৪৭৭ জন ছাত্রছাত্রী। অর্থাৎ শতকরা ভর্তি হয়েছে মাত্র ৬৪.৪৫ ভাগ ছাত্রছাত্রী। সবচেয়ে কম ভর্তি হয়েছে শরীয়া অনুষদের আরবী ভাষা ও সাহিত্য বিভাগে। এই বিভাগে ৬০ জন ছাত্রছাত্রীর মধ্যে ভর্তি হয়েছে মাত্র উনিশ জন ছাত্রছাত্রী। অর্থাৎ এ বিভাগে ৬৮.৩৪ ভাগ ছাত্রছাত্রী ভর্তি হয়নি।

ভর্তির সুযোগ পাওয়ার পরও ভর্তি হয়নি এমন কয়েকজন ছাত্রছাত্রী জানান যে, লেখাপড়ার পাশাপাশি বেলাখুলা, সাংস্কৃতিক চর্চা, মুক্তচিন্তা ভাবনার অবকাশ তেমন না থাকায় তারা এখানে ভর্তি হয়নি। বাকি ২৬৩টি আসন পূর্ণ করার জন্য অপেক্ষমাণ তালিকা হতে ছাত্রছাত্রীকে ডাকা হয়েছে।